বিজ্ঞপ্তি নং: ৬১৬


# প্রথম আলো

**শুক্রবার**

**১১ আগস্ট ২০২৩**

**২৭ শ্রাবণ ১৪৩০, ২৩ মহররম ১৪৪৫**

চাকরি-বাকরি, প্র অন্য আলো,
প্র গোল্লাছুটসহ মোট ২০ পৃষ্ঠা। দাম ৳১২


# SKS নিয়োগ বিজ্ঞপ্তি

**এসকেএস ফাউন্ডেশন** জাতীয় পর্যায়ের একটি স্বীকৃত বেসরকারী উন্নয়নমূলক সংস্থা যা, ১৯৮৭ সাল থেকে দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সনদ সহ (এমআরএ-০১৬২১-০০৫৩৪-০০০৪৫) একাধিক প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। উক্ত সংস্থায় **কুষ্টিয়া, মেহেরপুর, গাজীপুর, টাঙ্গাইল, ঢাকা, সিরাজগঞ্জ, রাজশাহী, পঞ্চগড়, লালমনিরহাট, চট্টগ্রাম ও কক্সবাজার** জেলায় ঋণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে নিম্নে উল্লিখিত পদে কর্মী নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদেরকে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত আবেদনপত্রের সঙ্গে পূর্ণ জীবন বৃত্তান্ত (ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ), ০২ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি আগামী **২৫ আগস্ট ২০২৩ ইং** তারিখ অফিস সময়ের মধ্যে **এসকেএস ফাউন্ডেশন, কলেজ রোড, উত্তর হরিণ সিংহা, গাইবান্ধা- ৫৭০০** ঠিকানায় ডাক/কুরিয়ার/সরাসরি প্রেরণের আহবান করা যাচ্ছে। এছাড়াও hr@sks-bd.org এই মেইলে আবেদন করতে পারবেন। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

**১. জোনাল ম্যানেজার- (০২ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স। পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত শহর/নগর এলাকার এনজিওতে একসাথে কমপক্ষে ২০ টি ব্রাঞ্চ পরিচালনার ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স-অনুর্ধ্ব** ৪০ বছর। **বেতন-ভাতা:** স্থায়ী কর্মী হিসেবে দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে মাসিক বেতন-ভাতা হবে ৬৬,২০০/-। এছাড়াও জ্বালানী ভাতাসহ নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

**২. এরিয়া ম্যানেজার- (০৫ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে একসাথে ০৫ টি ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স-অনুর্ধ্ব** ৪০ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ৩৭,০০০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ৪২,১০০/-, মোবাইল ভাতা ১,০০০/-, জ্বালানী ভাতা ৩,৫০০/-, দুরত্ব ভাতা ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৩. ব্রাঞ্চ ম্যানেজার- (১০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স-অনুর্ধ্ব** ৪০ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ৩২,০০০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ৩৫,৫৬৩/-, মোবাইল ভাতা ৭০০/-, জ্বালানী ভাতা ৩,০০০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৪. ফিল্ড অফিসার- (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স-অনুর্ধ্ব** ৩৫ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ২০,০০০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ২৫,১৩০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৫. ফিল্ড এ্যাসিস্ট্যান্ট- (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স-অনুর্ধ্ব** ৩৫ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ১৮,০০০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ২৩,৯৮০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৬. ট্রেইনি ফিল্ড স্টাফ - (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স/স্নাতক। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কাজ করার মানসিকতা থাকতে হবে। মোটরসাইকেল চালনার দক্ষতা থাকতে হবে। **বয়স-অনুর্ধ্ব** ৩৫ বছর। **বেতন-ভাতা:** প্রশিক্ষণকালীন সময়ে মাসিক সম্মানী হবে সর্বসাকুল্যে ১০,০০০/-। সন্তোষজনক ভাবে দুই (২) মাস প্রশিক্ষণকাল সমাপ্ত করার পর সংস্থার নিয়ম অনুযায়ী বেতন ভাতাসহ অনান্য সুবিধাদি প্রদান করা হবে।

**এছাড়াও সাপ্তাহিক ২ দিন ছুটি, পি.এফ, গ্রাচুয়িটি, চিকিৎসা সেবা সহায়তা, বৈশাখী ভাতা, উৎসব ভাতা এবং ব্যয়বহুল স্থান ও চরে অবস্থিত ব্রাঞ্চে কাজের জন্য বিশেষ যাতায়াত ভাতা সুবিধা প্রদান করা হবে।** উল্লেখ্য যে, ১ নং পদ ব্যতিত সকল পদে উত্তীর্ণ প্রার্থীদের যোগদানের সময় নীতিমালা অনুযায়ী জামানত (ফেরতযোগ্য) প্রদান করতে হবে। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে পেতে ভিজিট করুন: **www.sks-bd.org**

**বি: দ্র: ফিল্ড অফিসার, ফিল্ড এ্যাসিস্ট্যান্ট এবং ট্রেইনি ফিল্ড স্টাফ** পদের প্রার্থিদের **ঢাকা, সিরাজগঞ্জ ও গাইবান্ধা জেলায় পরীক্ষা গ্রহণ করা হবে।** জীবন বৃত্তান্তের উপরে অবশ্যই পদের নাম ও উল্লেখিত তিনটি স্থানের যে স্থানে পরীক্ষা দিতে ইচ্ছুক তা উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী ছাড়া অন্যান্যদের আবেদন গ্রহণযোগ্য হবে না। উক্ত নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার আর্থিক লেনদেন হতে বিরত থাকুন।

উপ-পরিচালক
মানব সম্পদ